তারিখ 11 AUG 2016
পৃষ্ঠা ৪ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# অবসরপ্রাপ্ত শিক্ষকের বিরুদ্ধে বেতন উত্তোলনের অভিযোগ

■ নেত্রকোনা প্রতিনিধি

নেত্রকোনা জেলার কেন্দুয়া উপজেলার তেঁতুলিয়া আল হেলাল দাখিল মাদ্রসার অবসরপ্রাপ্ত সহকারী শিক্ষক আব্দুল খালেকের বিরুদ্ধে বেতন-ভাতা উত্তোলন করছেন বলে লিখিত অভিযোগ পাওয়া গেছে।

লিখিত অভিযোগে প্রকাশ, উক্ত মাদ্রাসার অবসরপ্রাপ্ত সহকারী শিক্ষক মৌলভী আব্দুল খালেক গত ৩১ ডিসেম্বর ৬০ বছর পূর্ণ হওয়ায় অবসরে যাওয়ার পরও মাদ্রাসা সুপারের সহযোগিতায় সরকারি বেতন-ভাতা উত্তোলন করেছেন। পরে তার বিরুদ্ধে এলাকাবাসীর পক্ষ হতে জেলা শিক্ষা অফিসার বরাবরে লিখিত অভিযোগ করা হয়। এ ব্যাপারে মাদ্রাসার সভাপতি সামিরউদ্দীন বলেন, 'সুপারও দুর্নীতির সাথে জড়িত, তবে এরই মধ্যে ওই শিক্ষকের বেতন তোলা বন্ধ করা হয়েছে।' উক্ত মাদ্রাসার সুপার এস এম মো. হারিছ উদ্দিন ঘটনার সত্যতা অস্বীকার করেন।

জেলা শিক্ষা অফিসার মো. ওয়ালীউল্লাহ বলেন, 'একটি লিখিত অভিযোগের ভিত্তিতে তদন্তে সত্যতা পেয়েছি। সুপারের বিরুদ্ধেও বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।'